শিক্ষকের আলোচ্য | ভাষা, বাংলা ভাষা ও বাংলা লিপি

# বাংলা ভাষার ও বাংলা লিপির উদ্ভব ও বিকাশ

## ভাষা

- ভাব প্রকাশের প্রধান মাধ্যম - **ভাষা**।
- ভাবের বাহনকে বলে - **ভাষা**।
- মানুষের কণ্ঠনিঃসৃত বাক সংকেতের সংগঠনকে বলা হয় - **ভাষা**।
- ভাষার মূল উপাদান – **ধ্বনি**।
- ভাষার মূল উপকরণ – **বাক্য**।
- বর্তমানে পৃথিবীতে প্রচলিত ভাষার সংখ্যা - **প্রায় সাড়ে তিন হাজার**।
- দেশ, কাল ও পরিবেশভেদে ভাষার রূপ পরিবর্তিত হয়।

## বাংলা ভাষা

- ভাষাভাষী জনসংখ্যার দিক দিয়ে বাংলা পৃথিবীর **৪র্থ বৃহত্তম** ভাষা।
- বর্তমানে পৃথিবীতে প্রায় **ত্রিশ কোটি** লোকের মুখের ভাষা বাংলা।
- বাংলাদেশ ছাড়াও পশ্চিমবঙ্গের জনসাধারণ, ত্রিপুরা, বিহার, উড়িষ্যা ও আসামের কয়েকটি অঞ্চলের মানুষের ভাষা বাংলা।

## বাংলা ভাষার ইতিহাস

- বাংলাদেশের আদিম অধিবাসীদের ভাষা - **অস্ট্রিক**।
- বাংলা ভাষার উৎপত্তি -**ইন্দো-ইউরোপীয় মূল ভাষা বা ভাষাগোষ্ঠী থেকে**।
- বেদের ভাষাকে বলা হয় - **বৈদিক ভাষা**।
- বাংলা ভাষা উৎপত্তি লাভ করে - **প্রাকৃত ভাষা থেকে**।
- ড. মুহম্মদ শহীদুল্লাহ-এর মতে - **বাংলা ভাষার জন্ম গৌড়ীয় প্রাকৃত থেকে ৬৫০ সালে বা সপ্তম শতাব্দীতে**।
- ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে - **বাংলা ভাষার জন্ম মাগধী প্রাকৃত থেকে ৯৫০ সালে বা দশম শতাব্দীতে**।
- বাংলা ভাষার সহোদর ভাষা - আসামের ভাষা আসামি বা অসমীয়া।
- বাংলা ভাষার উদ্ভব ও বিকাশ সম্পর্কে ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় একটি বই লেখেন যার নাম **'Origin and Development of Bengali Language'. (ODBL)**।
- বাংলা ভাষার আদিস্তরের স্থিতিকাল - দশম থেকে চতুর্দশ শতাব্দী।

## বাংলা লিপির ইতিহাস

- ভারতীয় সকল লিপির উৎপত্তি হয় প্রাচীন ভারতীয় চিত্র লিপি থেকে।
- প্রাচীন ভারতীয় চিত্রলিপি হতে উদ্ভূত প্রধান দুটি লিপি - **খরোষ্ঠী লিপি ও ব্রাহ্মী লিপি**। পরবর্তিতে **ব্রাহ্মী লিপি** হতে বাংলা লিপির উদ্ভব হয়।
- বাংলা লিপির বিবর্তন - **ব্রাহ্মী লিপি > কুটিল লিপি > বাংলা লিপি**।
- খরোষ্ঠী লিপিতে লিপিমালা ডান দিকে থেকে বাম দিকে লেখা হয়।
- বাংলা লিপি গঠন কাজ শুরু হয় সেন আমলে এবং তা স্থায়ী রূপ লাভ করে পাঠান যুগে।
- বাংলা লিপিতে পরিবর্তন অনেকটাই বন্ধ হয়ে যায় ছাপাখানা প্রতিষ্ঠিত হওয়ার পর।
- প্রথম বাংলা ছাপাখানা প্রতিষ্ঠিত হয় হুগলীতে **১৭৭৮ সালে**।
- শ্রীরামপুর মিশনে মুদ্রণযন্ত্র স্থাপিত হয়- **১৮০০ সালে**।
- বাংলাদেশে প্রথম ছাপাখানা প্রতিষ্ঠিত হয় **- রংপুরে ১৮৪৮ সালে**।
- বাংলা মুদ্রাক্ষরের নকশা করেন **চার্লস উইলকিন্স** এবং তাকে মুদ্রনযোগ্য চলনসই হরফে খোদাই করেন **পঞ্চানন কর্মকার**।
- যে সব ভাষার লিপিতে বাংলা লিপির স্পষ্ট প্রভাব আছে – **মনিপুরি, উড়িয়া, মৈথিলি, অসমিয়া**।

# বাংলা ভাষার রূপ

বাংলা, ইংরেজি, আরবি, হিন্দি প্রভৃতি ভাষায় সাধারণত দু'টি রূপ বিদ্যমান।
ক) মৌখিক বা কথ্য রূপ ও
খ) লৈখিক বা লেখ্য রূপ
মৌখিক ও লৈখিক উভয় রূপেরই দুটি করে রীতি প্রচলিত রয়েছে।

**ক) মৌখিক বা কথ্য রূপ :**
১) চলিতরীতি/সর্বজন স্বীকৃত আদর্শ চলিত রূপ/ প্রমিত চলিতরীতি
২) আঞ্চলিক কথ্যরীতি/উপভাষা

**খ) লৈখিক বা লেখ্য রূপ :**
১) সাধু রীতি/সর্বজন স্বীকৃত লেখ্যরূপ
২) চলিতরীতি/সর্বজন স্বীকৃত আদর্শ চলিত রূপ/ প্রমিত চলিতরীতি

## সাধু রীতির বৈশিষ্ট্য

- পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট।
- গুরুগম্ভীর ও তৎসম শব্দবহুল।
- নাটক ও বক্তৃতায় অনুপযোগী।
- সর্বনাম ও ক্রিয়াপদ এক বিশেষ ও নির্দিষ্ট গঠনপদ্ধতি মেনে চলে।

## চলিত রীতির বৈশিষ্ট্য

- এই রীতি পরিবর্তনশীল।
- তদ্ভব শব্দবহুল।
- বক্তৃতা, আলাপ আলোচনা ও নাটকের সংলাপের জন্য অধিক উপযোগী।
- সর্বনাম ও ক্রিয়াপদ পরিবর্তনযোগ্য ও সহজতর রূপ লাভ করে।

| শিক্ষকের আলোচ্য | ব্যাকরণ, ব্যাকরণের ইতিহাস এবং ব্যাকরণের আলোচ্য বিষয় |
|---|---|

## ব্যাকরণ, বাংলা ব্যাকরণের আলোচ্য বিষয় এবং ব্যাকরণের ইতিহাস

### ব্যাকরণ

- ব্যাকরণ শব্দটি উৎসগত দিক থেকে - সংস্কৃত বা তৎসম।
- ব্যাকরণ শব্দটির বিশ্লেষণ - বি + আ + √কৃ + অন
- ব্যাকরণ শব্দের ব্যুৎপত্তিগত অর্থ- বিশেষ ভাবে বিশ্লেষণ।

#### বাংলা ব্যাকরণের আলোচ্য বিষয়

- প্রত্যেক ভাষার মৌলিক অংশ চারটি। এগুলো হলো:
  ১. ধ্বনি, ২. শব্দ, ৩. বাক্য ও ৪. অর্থ
- ব্যাকরণ ভাষার এই চারটি মৌলিক বিষয়কে চারটি তত্ত্বে আলোচনা করে। ব্যাকরণের এই তত্ত্বগুলো হলো:
  ১. ধ্বনিতত্ত্ব ২. শব্দতত্ত্ব ৩. বাক্যতত্ত্ব ও ৪. অর্থতত্ত্ব
- ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয়:
  ধ্বনিবর্ণ, ণ-ত্ব ও ষ-ত্ব বিধান, ধ্বনির পরিবর্তন, সন্ধি ইত্যাদি।
- শব্দতত্ত্বের আলোচ্য বিষয়:
  উপসর্গ, সমাস, প্রকৃতি-প্রত্যয়, কারক, দ্বিরুক্ত শব্দ, বচন ইত্যাদি।
- বাক্যতত্ত্বের আলোচ্য বিষয়:
  বাক্য, বাক্য প্রণালী, বাক্যের শ্রেণিবিভাগ, পদক্রম, পদের রূপ পরিবর্তন ইত্যাদি।
- অর্থতত্ত্বের আলোচ্য বিষয়:
  মুখ্যার্থ, গৌণার্থ, বিপরীতার্থ ইত্যাদি।

### ব্যাকরণের ইতিহাস

- প্রথম বাংলা ব্যাকরণ রচিত হয় ১৭৩৪ সালে, পর্তুগিজ ভাষায় এবং প্রকাশিত হয় ১৭৪৩ সালে। রচয়িতা: ম্যানুয়েল দ্যা আসসুম্পসাঁও।
- ইংরেজিতে প্রথম বাংলা ব্যাকরণ রচনা করেন। নাথানিয়েল ব্রাসি হ্যালহেড ১৭৭৮ সালে। তার রচিত গ্রন্থটির নাম: **'A grammar of the Bengali Language'**। গ্রন্থটি হুগলী থেকে প্রকাশিত হয়।
- বাঙালিদের মধ্যে প্রথম বাংলা ব্যাকরণ রচনা করেন রাজা রামমোহন রায় ১৮২৬ সালে ইংরেজি ভাষায়। তার রচিত গ্রন্থটির নাম: 'Bengali Grammar in English Language'।
- বাংলা ভাষায় প্রথম বাংলা ব্যাকরণ রচয়িতা রাজা রামমোহন রায়। গ্রন্থটির নাম 'গৌড়ীয় ব্যাকরণ' (১৮৩৩)।

### গুরুত্বপূর্ণ বাংলা ব্যাকরণ গ্রন্থ

- শ্যামাচরণ সরকার : বাঙ্গালা ব্যাকরণ
- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর : ব্যাকরণ কৌমুদী।
- ড. মুহম্মদ শহীদুল্লাহ : বাঙ্গালা ব্যাকরণ।
- ড. মুহম্মদ এনামুল হক : ব্যাকরণ মঞ্জুরী।
- ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়: ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ।

| শিক্ষকের আলোচ্য | তাৎক্ষণিক অনুশীলন পর্ব |
|---|---|

**ক্লাশের আলোচনার প্রেক্ষিতে শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে অবশ্যই তাৎক্ষণিক অনুশীলন করিয়ে নেবেন এবং পরবর্তীতে ব্যাখ্যা প্রদান করিবেন-**

১. প্রথম কোন বাঙালি বাংলা ভাষায় ব্যাকরণ রচনা করেন?
২. ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ কে রচনা করেন?
৩. কে সর্বপ্রম বাংলা টাইপ সহযোগে বাংলা ব্যাকরণ মুদ্রণ করেন?
৪. রাজা রামমোহন রচিত বাংলা ব্যাকরণের নাম কী?
৫. বাংলা ভাষার প্রম ব্যাকরণ রচনা করেন কে?
৬. পানিনি কে ছিলেন?
৭. রূপ তত্ত্বের অপর নাম কি?
৮. সন্ধি ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?
৯. ক্রিয়ামূল, ক্রিয়াকাল, পুরুষ ইত্যাদি কোন অংশের আলোচ্য বিষয়?
১০. ব্যাকরণের কোন অংশে কারক সম্বন্ধে আলোচনা করা হয়?
১১. বচন ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?
১২. কোন ভাষায় সাহিত্যের গাম্ভীর্য ও আভিজাত্য প্রকাশ পায়?
১৩. সাধু ভাষা থেকে চলিত ভাষায় লিখতে কোন পদযুগলের পরিবর্তন ঘটে?
১৪. 'সত্যের সহিত মিথ্যার দ্বন্দ্ব রহিয়াছে। এই দ্বন্দ্বে পরিশেষে সত্যিই বিজয়ী হয়'। এ উক্তিটি কোন রীতিতে লিখিত?
১৫. বাংলাদেশ ছাড়াও কোন জায়গায় মানুষের মুখের ভাষা বাংলা?
১৬. 'লম্ফ' প্রদান করিল'– এর চলিত রূপ কোনটি?
১৭. 'পার হইয়া' এর চলতি রূপ কোনটি?
১৮. নাটকের সংলাপের উপযোগী ভাষার কোন রীতি?
১৯. 'অদ্য' শব্দটি কোন ভাষারীতির উদাহরণ?
২০. বাংলা ভাষারীতির কয়টি রূপ?

ACHIEVEMENT career care BANK JOB

শিক্ষকের আলোচ্য

# ধ্বনি-বর্ণ ও যুক্ত বর্ণ

## গুরুত্বপূর্ণ সমার্থক শব্দ

| মূলশব্দ | প্রতিশব্দ |
|---|---|
| ধ্বনি | বাংলা ভাষার মৌলিক ধ্বনিগুলোকে প্রধানত দু ভাগে ভাগ করা হয় ঃ ১) স্বরধ্বনি ও ২) ব্যঞ্জনধ্বনি । |
| স্বরধ্বনি | যে সকল ধ্বনি উচ্চারণের সময় ফুসফুস তাড়িত বাতাস বেরিয়ে যেতে মুখবিবরের কোথাও কোনো প্রকার বাধা পায় না, তাদেরকে বলা হয় **স্বরধ্বনি** (vowel sound)। যেমন - অ, আ, ই, উ ইত্যাদি । |
| ব্যঞ্জনধ্বনি | যে সকল ধ্বনি উচ্চারণের সময় ফুসফুস তাড়িত বাতাস বেরিয়ে যেতে মুখবিবরের কোথাও না কোথাও কোনো প্রকার বাধা পায় কিংবা ঘর্ষণ লাগে, তাদেরকে বলা হয় **ব্যঞ্জনধ্বনি** (consonant sound) । যেমন - ক, চ, ট, ত, প ইত্যাদি । |
| বর্ণ | ধ্বনি নির্দেশক চিহ্নকে বলা হয় বর্ণ (letter) । |
| স্বরবর্ণ | স্বরধ্বনি দ্যোতক লিখিত সাংকেতিক চিহ্নকে বলা হয় **স্বরবর্ণ** । যেমন - অ, আ, ই, ঈ, উ, ঊ ইত্যাদি । |
| ব্যঞ্জনবর্ণ | ব্যঞ্জনধ্বনি দ্যোতক লিখিত সাংকেতিক চিহ্নকে বলা হয় **ব্যঞ্জনবর্ণ** । যেমন - ক, চ, ট, ত, প ইত্যাদি । |
| বর্ণমালা | যে কোনো ভাষায় ব্যবহৃত লিখিত বর্ণসমষ্টিকে সে ভাষার **বর্ণমালা** (alphabet) বলা হয় । যে বর্ণমালায় বাংলা ভাষা লিখিত হয়, তাকে বলা হয় বঙ্গলিপি বা বাংলা বর্ণমালা । বাংলা বর্ণমালায় মোট পঞ্চাশ (৫০)টি বর্ণ রয়েছে । তার মধ্যে স্বরবর্ণ এগার (১১)টি এবং ব্যঞ্জনবর্ণ উনচল্লিশ (৩৯)টি । |
| কার | স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে বলা হয় **সংক্ষিপ্ত স্বর** বা **'কার'** । |
| ফলা | ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে বলা হয় **'ফলা'** । |
| মৌলিক স্বর | বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি ৭টি কিন্তু মৌলিক স্বরবর্ণ ৬টি । |
| যৌগিক স্বর | পাশাপাশি দু টি স্বরধ্বনি থাকলে দ্রুত উচ্চারণের সময় তা একটি সংযুক্ত স্বরধ্বনি রূপে উচ্চারিত হয় । এ রূপে এক সঙ্গে উচ্চারিত দু টো মিলিত স্বরধ্বনিকে যৌগিক স্বর, সন্ধিস্বর, সান্ধ্যক্ষর বা দ্বি-স্বর বলা হয় । বাংলা ভাষায় যৌগিক স্বরধ্বনি ২৫ টি কিন্তু যৌগিক স্বরবর্ণ ২টি । |
| নাসিক্য ধ্বনি | বাংলা বর্ণমালায় নাসিক্য ধ্বনি ৫টি । ঙ, ঞ, ণ, ন এবং ম । |
| অনুনাসিক ধ্বনি | বাংলা বর্ণমালায় অনুনাসিক ধ্বনি ১টি । ঁ । |
| পরাশ্রয়ী বর্ণ- ং | ঁ - এ তিনটি বর্ণ স্বাধীন ভাবে স্বতন্ত্র বর্ণ হিসেবে ভাষায় ব্যবহৃত হয় না । এ বর্ণে দ্যোতিত ধ্বনি অন্য ধ্বনির সঙ্গে মিলিত হয়ে একত্রে উচ্চারিত হয় । তাই এ বর্ণগুলোকে বলা হয় **পরাশ্রয়ী** বর্ণ । |
| স্পর্শ ব্যঞ্জন | পাঁচটি বর্গ বা গুচ্ছে প্রত্যেকটিতে পাঁচটি বর্ণ পাওয়া যায় । এগুলো স্পৃষ্ট ধ্বনিজ্ঞাপক । ক থেকে ম পর্যন্ত এ পঁচিশটি ব্যঞ্জনকে **স্পর্শ ব্যঞ্জন** বা **স্পৃষ্ট ব্যঞ্জনধ্বনি** বলে । |
| অঘোষ ধ্বনি | যে ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয় না, তাকে বলা হয় **অঘোষ ধ্বনি** । যেমন - ক, খ, চ, ছ ইত্যাদি । |
| ঘোষ ধ্বনি | যে ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয়, তাকে বলে **ঘোষ ধ্বনি** । যেমন - গ, ঘ, জ, ঝ ইত্যাদি । |
| অল্পপ্রাণ ধ্বনি | যে ধ্বনি উচ্চারণের সময় বাতাসের চাপের স্বল্পতা থাকে, তাকে বলা হয় **অল্পপ্রাণ ধ্বনি** । যেমন - ক, গ, চ, জ, ইত্যাদি । |
| মহাপ্রাণ ধ্বনি | যে ধ্বনি উচ্চারণের সময় বাতাসের চাপের আধিক্য থাকে, তাকে বলা হয় **মহাপ্রাণ ধ্বনি** । যেমন - খ, ঘ, ছ, ঝ ইত্যাদি । |
| স্পর্শ ধ্বনি | ক থেকে ম পর্যন্ত মোট পঁচিশটি ধ্বনি স্পর্শধ্বনি । |
| উষ্মধ্বনি | শ, ষ, স, হ - এ চারটি বর্ণে দ্যোতিত ধ্বনিকে বলা হয় **উষ্মধ্বনি** বা **শিশধ্বনি** । |
| অন্তঃস্থ ধ্বনি | য র ল ব - এ ধ্বনিগুলোকে অন্তঃস্থ ধ্বনি বলা হয় । |
| তাড়নজাত ধ্বনি | ড় ও ঢ়-বর্ণে দ্যোতিত ধ্বনিকে বলা হয় **তাড়নজাত ধ্বনি** । |
| কম্পনজাত ধ্বনি | র-বর্ণে দ্যোতিত ধ্বনিকে **কম্পনজাত ধ্বনি** বলা হয় । |
| পার্শ্বিক ধ্বনি | ল-বর্ণে দ্যোতিত ধ্বনিকে **পার্শ্বিক ধ্বনি** বলা হয় । |
| ঘৃষ্ঠ ধ্বনি | চ, ছ, জ এবং ঝ এই বর্ণ গুলো উচ্চারিত হয় জিহ্বা ও তালুর ঘর্ষণের দ্বারা তাই এদের ঘৃষ্ঠ বর্ণ বলা হয় । |
| নিলীন বর্ণ | যে বর্ণটি সকল ব্যঞ্জন বর্ণের সাথে মিশে আছে তাকে নিলীন বর্ণ বলে । বাংলা বর্ণমালায় নিলীন বর্ণের সংখ্যা ১টি (অ) । |
| মাত্রা | বাংলা **বর্ণমালায়**- পূর্ণমাত্রা যুক্তবর্ণ- ৩২ টি, অর্ধমাত্রা যুক্তবর্ণ- ৮ টি, মাত্রাহীন বর্ণ- ১০ টি । |

## অতি গুরুত্বপূর্ণ কতিপয় যুক্তবর্ণ

| যুক্তবর্ণ | বিশ্লেষিত রূপ | ব্যবহারের উদাহরণ | যুক্তবর্ণ | বিশ্লেষিত রূপ | ব্যবহারের উদাহরণ |
|---|---|---|---|---|---|
| ক্ষ | ক্ + ষ | রক্ষা, ক্ষমা | ন্ম | ন্ +ম | জন্ম |
| হ্ম | হ্ + ম | ব্রাহ্মণ, ব্রহ্মা | ত্ন | ত্ + ন | রত্ন, যত্ন |
| ক্ষ্ম | ক্ + ষ্ + ম | লক্ষ্মণ | ত্ম | ত্ + ম | আত্মা |
| ক্ষ্ণ | ক্ + ষ্ + ণ | তিক্ষ্ণ | ম্ন | ম্ +ন | নিম্ন |
| ষ্ম | ষ্ + ম | গ্রীষ্ম | ম্ম | ম্ + ম | সম্মান |
| ষ্ণ | ষ্ + ণ | বিষ্ণু, কৃষ্ণ | ঞ্চ | ঞ্ + চ | পঞ্চাশ, অঞ্চল |
| জ্ঞ | জ্ + ঞ | বিজ্ঞান, অজ্ঞান | ঞ্ছ | ঞ্ + ছ | বাঞ্ছা, লাঞ্ছনা |
| ঞ্জ | ঞ্ + জ | ব্যঞ্জন, রঞ্জন | হ্ন | হ্ + ন | মধ্যাহ্ন, সায়াহ্ন |
| ত্থ | ত্ + থ | উত্থান | হ্ণ | হ্ + ণ | পূর্বাহ্ণ, অপরাহ্ণ |
| ন্থ | ন্ + থ | গ্রন্থ, পান্থ | ত্র | ত্ + র | চিত্র, ত্রিপুরা |
| ন্ন | ন্ +ন | অন্ন | | | |

## শিক্ষকের আলোচ্য — সমার্থক শব্দ

### গুরুত্বপূর্ণ সমার্থক শব্দ

| মূলশব্দ | প্রতিশব্দ |
|---|---|
| অকস্মাৎ | আচমকা, হঠাৎ, সহসা, অতর্কিত, আচম্বিতে, অপ্রত্যাশিতভাবে, দৈবাৎ। |
| অঙ্গ | দেহ, শরীর, অবয়ব, গাত্র, বপু, তনু, গতর, কাঠামো, আকৃতি, দেহাংশ। |
| অদৃশ্য | অলক্ষিত, অদৃষ্ট, অলক্ষ্য, অদেখা, অগোচর, অপ্রকট, অলখ, অদর্শিত, নাদেখা। |
| অভাব | অনটন, দারিদ্র্য, দৈন্য, দীনতা, দুরবস্থা, নিঃসম্বলতা, হীনাবস্থা, গরিবি, অসচ্ছলতা, অপ্রাচুর্য, ন্যূনতা, রিক্ততা। |
| অলস | নিষ্ক্রিয়, নিষ্কর্মা, অকর্মা, শ্রমকাতর, অকেজো, অকর্মণ্য, শ্রমবিমুখ, নিরুদ্যম, জড়প্রকৃতি, ঢিলে, আলসে। |
| অগ্নি | আগুন, অনল, হুতাশন, শিখা, দহন, পাবক, বহ্নি, কৃশানু, সর্বভুক, বৈশ্বানর, জ্বলন,শিখাবৎ, শিখিনু, বায়ুসখা, হুতভুক, শুচি, পিঙ্গল, বিশ্বপা, হিমারতি, বায়ুসখা, সখ, সপ্তাংশু, । |
| অশ্ব | তুরঙ্গ, তুরগ, তুরঙ্গম, বাজী, ঘোটক, ঘোড়া, হয়, শ্রেষ্ঠ, বাহন, হ্রেষা, মরুদ্রথ, ঘোটকী, ঘোড়ী, বামী, বড়বা। |
| আকাশ | শূন্যলোক, ব্যোম, দ্যুলোক, অন্তরীক্ষ, আসমান, নভঃ, গগন, অম্বর, অভ্র, নীলিমা, শূন্য, অনন্ত, সুরপথ, অম্বরলোক, খলোক, খগোল, নক্ষত্রলোক, ইথার, নভোলোক, নভোম-ল, নভস্থল, ছায়ালোক। |
| অন্ন | ভাত, ওদোন , সিদ্ধ, আহারদ্রব্য, সিদ্ধ, ত-ুল। |
| অন্ধকার | আঁধি, তমঃ, তমসা, তিমির, আঁধার, অমানিশা, আঁধারি, তমিস্র, শর্বর, আলোকশূন্যতা , আলোকহীনতা, ছায়ালোক। |
| ইচ্ছা | অভিলাস, বাঞ্ছা, স্পৃহা, অভিপ্রায়, সাধ, বাসনা ,আকাঙ্ক্ষা, কামনা, অভিরুচি, প্রবৃত্তি, মনোরথ, ইপ্সা, অভিপ্সা, আশা, আশ, এষণা, প্রার্থনা, চাওয়া, মনোবাঞ্ছা, মনোবাসনা, মনস্কাম। |
| ঈশ্বর | আল্লাহ্, খোদা, ইলাহী, স্রষ্টা, বিশ্বপতি, পরমেশ্বর , জগদীশ্বর, জগদীশ, জগৎপতি, জগৎপিতা, জগৎস্রষ্টা, জগন্নাথ, জগন্ময়, ভাগ্যবন্ধু, আদিনাথ, পৃথ্বিশ, অমরেশ, অন্তর্যামী, লোকনাথ, পরমপুরুষ, পরমেশ্বর, পরমাত্মা, পরেশ, পরমেশ, বিভু , ধাতা, জগদ্বন্ধু। |
| কন্যা | তনয়া, নন্দিনী, আত্মজা, দুহিতা, মেয়ে, কন্যা, আত্মসম্ভবা, পুত্রিকা, দারিকা, তনুজা, মাইয়া, দুলালী, পুত্রী, কুমারী, কনে , ঝী, বেটি, ঝিয়ারী। |

| | |
|---|---|
| কোকিল | কলকণ্ঠ, পিক, পরভৃত, কাকপুষ্ট, পরপুষ্ট, অন্যপুষ্ট, বসন্তদূত, কোয়েল, কলঘোষ, বসন্তসখা, বসন্তী, বসন্তদূত, বসন্ত, ঘোষ, কুহুমন্দ্র, মধুঘোষ, কোয়েলিয়া । |
| কূল | তীর, তট, তটভূমি, তীরভূমি, তীরভাগ, কূলভূমি, বেলা, বেলাভূমি, সৈকত, ধার ,বালুবেলা, বালুকাবেলা, কিনারা, পুলিন, পাড় । |
| কপাল | তিলক, কপাল, ভাগ্য, অদৃষ্ট, ভাগ্যলিপি, ললাট, ভাল, নিয়তি, বরাত, নসিব । |
| কেশ | অলক, চিকুর, কুন্তল, চুল, কবরী । |
| কিরণ | বিভা, দ্যুতি, আলোক, দীপ্তি, প্রভা, জ্যোতি, রশ্মি, অংশু, কর, রশ্মি, আলোকচ্ছটা, অংশুমালা, অংশুজাল । |
| কপোত | পারাবত, কবুতর (কইতর), পায়রা, রেবতর, নোটন । |
| করী | দ্বিপ, দন্তী, বারণ, মাতঙ্গ, হস্তী, দ্বিরদ, গজ, হাতি । |
| খবর | সংবাদ, বার্তা, তত্ত্ব, সন্ধান, তথ্য, সন্দেশ, সমাচার, খবরাখবর, বিবরণ, বৃত্তান্ত, নিউজ, খবরাখবর, খোঁজ-খবর, উদন্ত, ফরমান । |
| খড়গ | কৃপাণ, অসি, তরবারি, তলোয়ার, ঢাল । |
| গৃহ | নিবাস, বাটী, ধাম, ঘর, আগার, সদন, নিকেতন, নিলয়, আলয়, ভবন, বাড়ি, আবাস, বাটিকা, গৃহ, হাউস, বাড়িঘর, কুঠুরী । |
| চাঁদ | হিমাংশু, হিমকর, শীতাংশু, সুধাংশু, নিশাকর, নিশানাথ, শশধর, শশাঙ্ক, বিধু, চন্দ্র, নিশাপতি, মৃগাঙ্ক, সুধাকর, শশী, দ্বিজরাজ, সোম , চন্দ্রমা, সুধানিধি, সুধাকর, ইন্দু , মৃগাঙ্ক, রজনীকান্ত, তারাপতি, তারানাথ, জ্যোৎস্নানাথ, রাকেশ, সুধানিধি । |
| চোখ | চক্ষু, অক্ষি, নেত্র, লোচন, নয়ন, আঁখি । |
| ঠোঁট | চঞ্চু, ওষ্ঠ, অধর । |
| ঢেউ | বীচি, কল্লোল, বিপুল, উদ্বেল, তরঙ্গ, ঊর্মি, কল্লোল, উল্লোল, হিল্লোল, বীচিমালা, লহর , লহরী, মহাতরক্ষা, মহোর্মি, জলকল্লোল ,জোয়ার , তরঙ্গভঙ্গ, তরঙ্গমালা, তরঙ্গলহরী, কোটাল, ঘূর্ণি । |
| দিন | দিবা, দিনমান, অযামিনী, অহনা, অহ্ন, বাসর, দিবস, অহ, বার ,রোজ, অহরাত্র, দিনরাত্রি, দিবসরজনী, দিনযামিনী, সাবন ,চব্বিশঘন্টা, অষ্টপ্রহর, আট প্রহর । |
| নারী | ভামিনী, সীমন্তিনী, নন্দিনী, রমনী, রামা, বামা, অবলা, মহিলা, স্ত্রী, মেয়ে, মেয়েমানুষ, মেয়েছেলে, ললনা, অঙ্গনা, মানবী, মানবিকা, কামিনী, আওরাত , জেনানা, ঘোষিতা, ঘোষা, জানি, বালা, বনিতা, শবরী, প্রতীপদর্শিনী, স্ত্রীলোক, ভামিনী । |
| নদী | শৈবালিনী, তরঙ্গিনী, কল্লোলিনী, প্রবাহিনী, তটিনী, স্রোতস্বতী, স্রোতস্বিনী, সরিৎ, নদ, নদ-নদী, নির্ঝরিণী, দরিয়া, গাঙ, সমুদ্রকান্তা, সমুদ্রদয়িতা, স্রোতোবহা, মন্দাকিনী, স্রোতোবহ । |
| পানি | জল, সলিল, নীর, পানি, জীবন, অম্বু, উদক, বারি, অপ, উদ, তোয়, বারুণ, প্রনদ, ইরা, ইলা, পুষ্কর , সম্ভব, তামর ,শীতোত্তম, জীবন । |
| পাখি | শকুন্ত, খেচর, বিহঙ্গ, বিহগ, পক্ষী, খগ, দ্বিজ, অন্তজ, পত্রগ, পত্রী, পক্ষধর, চিড়িয়া, পাখ-পাখালি । |
| পদ্ম | শতদল, কমল, উৎপল, কোকনদ, সরোজ, পঙ্কজ, নলিনী, তামরস, কুমুদ , কৈরব, কুবল, কুবেল, অম্ভোজ, কুবলয়, কুমুদী, অরবিন্দ, নলিন, রাজীব, সরোজিম, সলিলজ, বিসকুসুম, বিসজ, রাত্রিহাস, কাঞ্জ, নীরজ, ইন্দিরালয়, কুশেশয়, নীলপদ্ম, নীলোৎপল, নীল কমল, লালপদ্ম, রক্তকুমুদ, রক্তকমল, শ্বেত কমল । |
| পর্বত | মহীন্দ্র, শিকরী, শৃঙ্গ, শৈল, গিরি, পাহাড়, ভূধর, অদ্রি, অচল, মহীধর, মেদিনীধর, নগ, শৃঙ্গধর, গিরিধর, নাগাধিরাজ, ক্ষিতিধর, পৃথিবীধর, পৃথ্বীধর, অবনীধর, ধরণীধর, ধরাধর, বসুধাধর । |
| পুত্র | তনয়, নন্দন, সুত, আত্মজ, দুলাল, , ছেলে, খোকা, আত্মোদ্ভব, তনুজ, স্বজ, দারক, কুমার, পুত্রক, পুত, পো, পুলে, পোতক, বেটা । |
| পাথর | পাষাণ, প্রস্তর, শিলা, শিল, উপল, অশ্ম, রত্ন, মণি দৃষৎ, কাঁকর, কঙ্কর । |
| পৃথিবী | ভূলোক, ভুবন, বসুমতি, বসুন্ধরা, অবনী, অদিতি, ক্ষিতি, ধরা, জগৎ, দুনিয়া, ধরণী, অখিল, সংসার, বিশ্ব, রাজ্য, ধরিত্রী, পৃথ্বী, ভূম-ল, মর্ত্য, বসুধা, ভূ , মহী, মেদিনী, ক্ষিতি, ধরাতল, ধরাধাম । |
| পুষ্প | প্রসুন, ফুল, রঙ্গন, রঙ্গনা, কুসুম । |
| বাতাস | অনিল, সমীর, সমীরণ, হাওয়া, পবন, বাসু, বাত, মরুৎ, বায়ু, মারুত, বায়ু, আশুগ, পবমান, সদাগতি, নভঃশ্বাস, শব্দবহ, অগ্নিসখা, বহ্নিসখা, জগতায়ু, জগৎপ্রাণ, মাতবিশ্বা, জগদ্বল, গন্ধবাহ, হাওয়া, প্রভঞ্জন, ক । |
| বন | জঙ্গল, গহন, অটবী, কুঞ্জ, কানন, অরণ্য, বনানী, বিপিন, অরণ্য, কুঞ্জ, কান্তার, , অটবী, জঙ্গল, বনজঙ্গল, দাব, বনানী, বনী, |

| | |
|---|---|
| | কানন, অরণ্যানী, বনবাদাড়, বাদাড়, ঝোপ, জঙ্গলাট, বনভূমি, বনাঞ্চল। |
| বৃক্ষ | বিটপী, তরু, পাদপ, উদ্ভিদ, অটবী, বৃক্ষ, মহীরুহ, দ্রুম, শাখী, মহীরুহ, শিখরী, পর্ণী। |
| বিদ্যুৎ | শম্পা, চপলা, সৌদামিনী, ক্ষণপ্রভা, তড়িৎ, বিজলি, দামিনী, চঞ্চল, অশনি, অচির, অনুপ্রভা। |
| ভ্রমর | মধুলেহ, ভোমরা, মৌমাছি, অলি, শিলীমুখ, মধুকর, ষটপদ, মধুপ, ভৃঙ্গ, মধুলিট, মধুলিহ, দ্বিরেফ, মধুভৃৎ, মধুমক্ষিকা। |
| মেঘ | অম্বুদ, নীরদ, জলদ, বারিদ, বলাহক, ঘন, জীমূত, অভ্র, অম্বুবাহ, অম্বুবাহী, পয়োদ, কাদম্বিনী, ইরম্মদ। |
| মা | মা, মাতা, জননী, জনী, অম্বালা, অম্বা, আম্মা, অম্বালিকা, অম্বিকা, মাতৃ, গর্ভধারিণী, জন্মদাত্রী, প্রসূতি, মাতৃকা, আই, জনয়িত্রী, জনিকা, প্রজায়িনী, জনিকা, প্রজায়িনী, প্রজনিকা। |
| ময়ূর | কলাপী, শিখ-ী, কেকী, শিখী, কেকা, বর্হী। |
| যুদ্ধ | সংগ্রাম, সমর, আহব, বিগ্রহ, যুদ্ধবিগ্রহ, যোধন, রণ, লড়াই, সংঘর্ষ, সংঘাত, সমীক, সংযুগ, প্রঘাত, আয়োধন, যুঝ, প্রতিদারণ, সংখ্য। |
| রাজা | নরেন্দ্র, ভূপাল, নৃপ, নৃপতি, দ-ধর, বাদশা, নৃপেন্দ্র, নরেশ, ভূপতি, ভূপ, নরপতি, ভূপাল, মহীপাল, নৃপাল, নরাধিপ, নরদেব, ক্ষিতীশ, ক্ষিতিপ, অবনীপতি, অবনীশ, অধিপ, অধীশ্বর, মহীশ, সম্রাট, রাজেন্দ্র, শাহেনশা, নৃপমণি। |
| রাত | নিশীথিনী, শর্বরী, যামিনী, রজনী, রাত, নিশা, নিশি, রাত্রি, রাতি, অমা, নিশীথ, যমবতী, যামী, যামিকা, বিভাবরী, নিশুতি, ক্ষণদা, নক্ত, ক্ষপা, তামসী, অসুয়া। |
| রানী | রাজ্ঞী, মহিষী, সম্রাজ্ঞী, রাজমহিষী, রাজপত্নী, বেগম। |
| শত্রু | অরাতি, অরি, বৈরি, রিপু, প্রতিপক্ষ। |
| সমুদ্র | বারিধি, পারাবার, জলনিধি, জলধি, সিন্ধু, সাগর, পাথার, দরিয়া, অর্ণব, রত্নাকর, সায়র,অম্বুধি, অম্বুনিধি, প্রচেতা, জলেন্দ্র, অকূল, অকূল, পাথার, জলেশ্বর, জলারণ্য, জলধর, রত্নগর্ভ, নীলাম্বু, ধরণীপ্লব, নীরধি, নীরনিধি, তোয়নিধি, পয়োধি, জলধিপ, বারিধর, বারীন্দ্র। |
| স্বর্ণ | সোনা, সুবর্ণ, কাঞ্চন, কনক, হিরণ্য, হিরণ, মহাধাতু, হেম, কর্বুক। |
| সাপ | নাগ, উরগ, ভুজগ, সর্প, ফনী, আশীবিষ, অহি, ভুজঙ্গ, ভূজঙ্গম, কু-লী, বিষধর, পন্নগ, দ্বিজিহব। |
| স্ত্রী | ভার্যা, পত্নী, সহধর্মিনী, অর্ধাঙ্গিনী, দার, দয়িতা, জায়া, কলত্র, অঙ্গনা,কলত্র, বধূ, বনিতা, দারা, জানি, ধনিকা, বউ, গৃহিনী, গিন্নি, আয়তি, গৃহদেবী, গৃহলক্ষী। |
| স্বর্গ | দেবলোক, দ্যুলোক, অমরাবতী, ইন্দ্রলোক, দেবপুরী, দেবালয়, স্বর্গলোক, স্বর্গধাম, স্বর্গরাজ্য, স্বর্গপুরী, অমর্ত্যলোক, অমর্ত্যভুবন, অমরা, অমরালয়, অমরালোক, ত্রিদিব, ধ্রুবলোক, ইন্দ্রপুরী, পুণ্যলোক, অমৃতলোক, উর্ধ্বলোক। |
| স্বামী | পতি, নাথ, দয়িত, কান্ত, বল্লভ। |
| সিংহ | সিঙ্গি, মৃগেন্দ্র, পশুরাজ, মৃগরাজ, কেশরী, হর্যক্ষ, হরি, মৃগপতি, পারীন্দ্র, সিংহিকা। |
| সূর্য | অর্ক, অরুণ, আদিত্য, আফতাব, তপন, দিনপতি, দিবাকর, প্রভাকর, বিভাবসু, ভানু, ভাস্কর, মার্ত-, সবিতা, রবি, দিনেশ, দিনমণি, দিনপতি, অংশুমালী, দিননাথ, উষাপতি, চিত্রভানু, দিনকর, দিবাবসু, বিভাবসু, বিভাকর, পূষণ, অংশুমান। |
| সুন্দর | মনোরম, মনোহর, রমণীয়, রম্য, কমনীয়, সুদর্শন, ললিত, সুকান্ত, শোভন, সুদৃশ, চারু, কান্তিমান, লাবণ্যময়। |
| হাতি | হস্তী, মাতঙ্গ, নাগ, গজ, কুঞ্জর, করী, করন, ঐরাবত, দ্বিপ, গজ, বারণ, দন্তী, দ্বিরদ, নগ, দন্তাবল, ইরম্মদ, সিন্ধুর, পুষ্করী, পিল, রদী, দন্তাবল। |
| হাত | বাহু, ভূজ, কর, হাত, পাণি, হস্ত। |
| হীন | নীচ, অধম, নিন্দনীয়, অবনত, দুর্দশাপন্ন, গরিব, অক্ষম, শূন্য, অতিবিনীত, ক্ষীণ। |

| শিক্ষকের আলোচ্য | শব্দার্থ |
|---|---|

## গুরুত্বপূর্ণ শব্দার্থ

| | | |
|---|---|---|
| অছি | : | অভিভাবক |
| অত্যহিত | : | অতি অনিষ্ট |
| অনন্তর | : | অতঃপর |
| অধমর্ণ | : | ঋণী |
| অনুপম | : | মনোরম |
| অপলাপ | : | অস্বীকার। |
| অপভ্রংশ | : | বিকৃত |
| অভিনিবেশ | : | মনোযোগ |
| অয়োময় | : | লৌহময়, লৌহকঠিন |
| অংশু | : | প্রভা |
| অংস | : | কাঁধ |
| অর্ঘ্য | : | পূজার উপকরণ |
| অমরা | : | স্বর্গ |
| আকাল | : | দুর্ভিক্ষ |
| আবিল | : | কলুসিত |
| আভরণ | : | অলঙ্কার |
| আহব | : | যুদ্ধ |
| ইনকিলাব | : | বিপ্লব |
| উপাধান | : | বালিশ |
| উপরোধ | : | অনুরোধ |
| উষ্ণীষ | : | পাগড়ি |
| ঋজু | : | সোজা |
| এপিটাফ | : | সমাধি-লিপি |
| কেওয়াট | : | কপাট |

| | | |
|---|---|---|
| কিণাঙ্ক | : | কড়া |
| কপোল | : | গ-দেশ, গাল |
| কুল | : | গোত্র, বংশ |
| কূল | : | তীর |
| কুক্কুট | : | মোরগ |
| কুক্কুর, সারমেয় | : | কুকুর |
| কু-য়ন | : | কু-লী পাকান |
| কুজ্ঝটিকা | : | কুয়াশা |
| ক্রোশ | : | দুই মাইলের একটু বেশি |
| কিরীট | : | মুকুট |
| কীর্তি | : | যশ বা খ্যাতি |
| কপর্দকহীন | : | নিঃস্ব |
| কুহক | : | মায়া, ভেলিক, ছলনা |
| ক্ষিতিতল | : | ভূতল |
| খপোত | : | আকাশযান, বিমান, |
| খাদির | : | খয়ের |
| ঘাঘু | : | অভিজ্ঞ |
| চন্দ্রিকা | : | জ্যোৎস্না |
| জাফরি | : | চৌকা ছিদ্রের বেড়া |
| জঙ্গম | : | গতিশীল |
| তু-ল | : | চাল |
| তরবারি | : | অসি, কৃপাণ, খক্ষ |
| দ্বন্দ্ব | : | জোড়া |
| দাখিলা | : | খাজনার রশিদ |

| | | |
|---|---|---|
| নীর | : | পানি |
| নিকুঞ্জ | : | বাগান |
| নির্বন্ধ | : | বিধান |
| পাণি | : | হাত |
| পুণ্ড্র | : | ইক্ষু |
| পুষ্পারতি | : | ফুলের নিবেদন |
| পোখরাজ | : | মণি বিশেষ |
| পল্বল | : | ডোবা |
| প্রথিত | : | বিখ্যাত |
| প্রাকৃত | : | স্বাভাবিক |
| প্রাংশু | : | উন্নত,উচু,দীর্ঘকায়, লম্বা |
| প্রীণন | : | প্রীতিসম্পাদন |
| ফরমান | : | খবর |
| বকনা | : | গাই-বাছুর |
| বাতুল | : | উন্মাদ, পাগল |
| বামেতর | : | ডান |
| পনস | : | কাঁঠাল |
| বিরাগী | : | উদাসীন |
| ব্যাকরণ | : | বিশেষভাবে বিশ্লেষণ |
| বেসাতি | : | কেনাবেচা |
| ব্রাত্য | : | পতিত |
| ব্রততী | : | লতা |
| বিধুর | : | কাতর |

| | | |
|---|---|---|
| বৃত্তান্তর | : | বিবরণ |
| মৃগয়া | : | হরিণ শিকার |
| মনোরম | : | রমণীয়, অভিরাম |
| মেধ | : | যজ্ঞ |
| শম | : | শান্তি |
| শম্বর | : | হরিণ |
| শ্বশ্রু | : | শাশুড়ি |
| শীকর | : | বৃষ্টির জল, জলকণা |
| শুক্তি | : | ঝিনুক |
| শীকর | : | জলকণা |
| শিষ্ঠাচার | : | সদাচার |
| শিলীমুখ | : | ভ্রমর |
| সম্মার্জনী | : | ঝাড়ু |
| সংহারক | : | বিনাশকারী |
| সৈনিক | : | অনীক। |
| সিত | : | শুক্ল |
| সুপ্ত | : | নিদ্রিত |
| সত্ত্ব | : | অস্তিত্ব |
| সরণি | : | পথ |
| সেতারা | : | তারকা |
| সায়ন্তন | : | সন্ধ্যা |
| স্বাক্ষর | : | দস্তখত |
| রাজা | : | নরেন্দ্র |
| লোর | : | অশ্রু |
| হেলাল | : | চাঁদ |

## শিক্ষকের আলোচ্য — ক্লাসের বিষয়াবলীর উপরে তাৎক্ষণিক চর্চা

**০১. উপভাষা কোনটি?**
ক. সাহিত্যের ভাষা খ. পাঠ্যপুস্তকের ভাষা
গ. অঞ্চল বিশেষের মানুষের মুখের ভাষা ঘ. লেখ্য ভাষা

**০২. ভাষার মৌলিক অংশ কয়টি?**
ক. ২টি খ. ৩টি গ. ৪টি ঘ. ৬টি

**০৩. ইন্দো-ইউরোপীয় ভাষার কয়টা শাখা ছিল?**
ক. একটা খ. দুটো গ. তিনটে ঘ. চারটে

**০৪. ড. মুহম্মদ শহীদুলস্নাহর মতে বাংলা ভাষার উৎপত্তি কোন প্রাকৃত স্স্তর থেকে?**
ক. মাগধী প্রাকৃত খ. গৌড়ীয় প্রাকৃত গ. মহারাষ্ট্রীয় প্রাকৃত ঘ. প্রাচীন অবহট্‌ঠ

**০৫. ভারতীয় মৌলিক লিপি কোনটি?**
ক. ব্রাহ্মী খ. কুটিল গ. খরোষ্ঠী ঘ. নাগরী

**০৬. বাংলা অক্ষরের প্রথম নকশা তৈরি করেন-**
ক. ড. মুহম্মদ শহীদুল্লাহ খ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় গ. উইলিয়াম কেরী ঘ. চার্লস উইলকিন্স

**০৭. ভাষার কোন রীতি কেবলমাত্র লেখ্যরূপে ব্যবহৃত হয়?**

ক. কথ্য রীতি খ. আঞ্চলিক রীতি গ. সাধু রীতি ঘ. চলিত রীতি

**০৮. 'তৎসম' শব্দের ব্যবহার কোন রীতিতে বেশি হয়?**
ক. চলিত রীতি খ. সাধু রীতি গ. মিশ্র রীতি ঘ. আঞ্চলিক রীতি

**০৯. ব্যাকরণ শব্দের ব্যুৎপত্তি কোনটি?**
ক. বি + আ + কৃ + অন খ. ব্যা + ক + রন গ. বৃ + কৃ + অন ঘ. ব্য + আ + কৃ + অন

**১০. ব্যুৎপত্তিগতভাবে ব্যাকরণ শব্দের অর্থ হলো-**
ক. বিশেষভাবে বিভাজন খ. বিশেষভাবে সংযোজন গ. বিশেষভাবে বিশ্লেষণ ঘ. বিশেষভাবে বিয়োজন

**১১. 'সন্ধি' ব্যাকরণের কোন অংশে আলোচ্য বিষয়?**
ক. রূপতত্ত্ব খ. ধ্বনিতত্ত্ব গ. পদক্রম ঘ. বাক্য প্রকরণ

**১২. 'বাগধারা' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?**
ক. ভাষাতত্ত্বে খ. ধ্বনিতত্ত্বে গ. বাক্যতত্ত্বে ঘ. রূপতত্ত্বে

**১৩. উপমহাদেশে শ্রেষ্ঠ ব্যাকরণবিদ কে ছিলেন?**
ক. সুকুমার সেন খ. ড. মুহম্মদ শহীদুল্লাহ গ. পাণিনি ঘ. সুনীতিকুমার চট্টোপাধ্যায়

**১৪. রাজা রামমোহন রায় রচিত বাংলা ব্যাকরণের নাম কী?**
ক. মাগধীয় ব্যাকরণ খ. গৌড়ীয় ব্যাকরণ গ. মাতৃভাষা ব্যাকরণ ঘ. ভাষা ও ব্যাকরণ

**১৫. 'ব্যাকরণ মঞ্জুরী' কার লেখা?**
ক. ড. মুহম্মদ শহীদুল্লাহ খ. ড. মুহম্মদ এনামুল হক গ. সুনীতিকুমার চট্টোপাধ্যায় ঘ. মুহম্মদ আবদুল হাই

**১৬. একটি ধ্বনিতে কয়টি 'প্রতীক' ব্যবহৃত হয়?**
ক. দুইটি খ. একটি গ. চারটি ঘ. পাঁচটি

**১৭. পাশাপাশি দুটি স্বরধ্বনি একাড়ার হিসেবে উচ্চারিত হলে তাকে কী বলে?**
ক. মৌলিক স্বরধ্বনি খ. সমধ্বনি গ. মূলধ্বনি ঘ. যৌগিক স্বরধ্বনি

**১৮. নিচের কোনটি অঘোষ অল্পপ্রাণ ধ্বনি?**
ক. ভ খ. ঠ গ. ফ ঘ. চ

**১৯. 'ক্ষ'-এর বিশিল্পষ্ট রূপ-**
ক. ক্ + ঘ খ. ক্ + ষ্ + ণ গ. ক্ + ষ্ + ম ঘ. হ্ + ম

**২০. 'ক' থেকে 'ম' পর্যন্ত ২৫টি ব্যঞ্জনবর্ণকে বলে-**
ক. মৌলিক বর্ণ খ. যৌগিক বর্ণ গ. বর্গীয় বর্ণ ঘ. উষ্ম বর্ণ

**২১. কোন বর্ণ দুটিতে মাত্রা হবে না?**
ক. ক এবং খ খ. খ এবং গ গ. ট এবং ঠ ঘ. এ এবং ঐ

**২২. 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ?**
ক. বিশাল খ. পাথার গ. তুরঙ্গম ঘ. ঐন্দ্রিলা ঙ. কোনটিই নয়

**২৩. 'সূর্য'- এর প্রতিশব্দ কী?**
ক. আদিত্য খ. ঋভু গ. সুধাংশু ঘ. শশাংক ঙ. বিধু

**২৪. 'পানি' - এর সমার্থক শব্দ কোনটি?**
ক. উদক খ. পত্রগ গ. অরুণ ঘ. বহ্নি ঙ. কোনটিই নয়

**২৫. 'খড়্গ'- এর সমার্থক শব্দ নয় কোনটি?**
ক. অসি খ. ভল্ল গ. কৃপাণ ঘ. তরবারি ঙ. কোনটিই নয়

**২৬. কোনটি 'কন্যা' শব্দের অর্থ নয়?**
ক. তনয়া খ. অলক গ. নন্দিনী ঘ. আত্মজা ঙ. দুহিতা

**২৭. 'কুহক' শব্দের সমার্থক শব্দ কোনটি?**
ক. মায়া খ. কুহেলী গ. ভ্রম ঘ. ক, খ, গ, সবগুলোই ঙ. কোনটিই নয়

**২৮. নিচের কোনটি নদী শব্দের সমার্থক শব্দ নয়-**
ক. তরঙ্গিণী খ. শৈবালিনী গ. উর্মিলহরী ঘ. স্রোতোবহা

**২৯. 'মৃগাঙ্ক' শব্দটির অর্থ কী?**
ক. হরিণ শিশু খ. চন্দ্র গ. চিত্রা হরিণ ঘ. বল্লা হরিণ

**৩০. 'মঙ্গা' শব্দের অর্থ কী?**
ক. দুর্মূল্য খ. মারামারি গ. মঙ্গল ঘ. অভাব

শিক্ষার্থীর করণীয়

## ভাষা, বাংলা ভাষা ও বাংলা লিপি সংক্রান্ত (অনুশীলন)

**০১. মনের ভাব প্রকাশের প্রধান মাধ্যম কোনটি?**
ক. চিত্র খ. ভাষা গ. ইঙ্গিত ঘ. আচরণ

**০২. মানুষের মুখে উচ্চারিত অর্থবোধক ও মনোভব জ্ঞাপক ধ্বনি সমষ্টিকে বলে-**
ক. বর্ণ খ. শব্দ গ. বাক্য ঘ. ভাষা

**০৩. উপভাষা কোনটি?**
ক. সাহিত্যের ভাষা খ. পাঠ্যপুস্তকের ভাষা
গ. অঞ্চল বিশেষের মানুষের মুখের ভাষা ঘ. লেখ্য ভাষা

**০৪. ভাষার মৌলিক অংশ কয়টি?**
ক. ২টি খ. ৩টি গ. ৪টি ঘ. ৬টি

**০৫. বাংলার আদি অধিবাসীগণ কোন ভাষাভাষী ছিল?**
ক. সংস্কৃত খ. বাংলা গ. অস্ট্রিক ঘ. হিন্দি

**০৬. বেদের ভাষাকে কী ভাষা বলা হয়?**
ক. দেশি ভাষা খ. বৈদিক ভাষা গ. বেদী ভাষা ঘ. ইংরেজি ভাষা

**০৭. বাংলা ভাষা কোন মূল ভাষার অন্তর্গত?**
ক. দ্রাবিড় খ. ইউরালীয় গ. ইন্দো-ইউরোপীয় ঘ. সেমেটিক

**০৮. ইন্দো-ইউরোপীয় ভাষার কয়টা শাখা ছিল?**
ক. একটা খ. দুটো গ. তিনটে ঘ. চারটে

**০৯. 'প্রাকৃত' শব্দটির অর্থ-**
ক. প্রকৃত খ. যথার্থ গ. যা করা হয়েছে ঘ. স্বাভাবিক

**১০. বাংলা ভাষার উদ্ভব হয়েছে কোন ভাষা থেকে?**
ক. সংস্কৃত খ. পালি গ. প্রাকৃত ঘ. অপভ্রংশ

**১১. 'বাংলা ভাষার জন্ম হয়েছে মাগধী প্রাকৃত থেকে।' এ মতের প্রবক্তা কে?**
ক. স্যার জর্জ আব্রাহাম গ্রিয়ার্সন খ. ড. মুহম্মদ শহীদুল্লাহ গ. ড. সুকুমার সেন ঘ. ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়

**১২. ড. মুহম্মদ শহীদুলল্লাহর মতে বাংলা ভাষার উৎপত্তি কোন প্রাকৃত স্তর থেকে?**
ক. মাগধী প্রাকৃত খ. গৌড়ীয় প্রাকৃত গ. মহারাষ্ট্রীয় প্রাকৃত ঘ. প্রাচীন অবহট্ঠ

**১৩. 'অপভ্রংশ' কথাটির অর্থ কী?**
ক. উন্নত খ. বিবৃত গ. সাধারণ ঘ. বিকৃত

**১৪. বাংলা ভাষার আদি স্তরের স্থিতিকাল কোনটি?**
ক. দশম থেকে চতুর্দশ শতাব্দী খ. একাদশ থেকে পঞ্চদশ শতাব্দী গ. দ্বাদশ থেকে ষোড়শ শতাব্দী ঘ. ত্রয়োদশ থেকে সপ্তদশ শতাব্দী

**১৫. ব্যবহারকারীর সংখ্যা বিচারে পৃথিবীতে বাংলা ভাষার স্থান কততম?**
ক. চতুর্থ খ. তৃতীয় গ. অষ্টম ঘ. পঞ্চম

**১৬. পৃথিবীতে বর্তমানে কতগুলো ভাষা প্রচলিত?**
ক. পাঁচ বছর খ. দু'হাজার গ. এক হাজার ঘ. আড়াই হাজার

**১৭. ভারতীয় মৌলিক লিপি কোনটি?**
ক. ব্রাহ্মী খ. কুটিল গ. খরোষ্ঠী ঘ. নাগরী

**১৮. বাংলা লিপির উদ্ভব হয়েছে কোন প্রাচীন লিপি থেকে?**
ক. সংস্কৃত লিপি খ. চীনা লিপি গ. আরবি লিপি ঘ. ব্রাহ্মী লিপি

**১৯. কোন যুগে বাংলা লিপি ও অক্ষরের গঠনকার্য শুরু হয়?**
ক. পাঠান যুগ খ. সেন যুগ গ. পাল যুগ ঘ. মোগল যুগ

**২০. কোন শাসনালে বাংলা লিপি স্থায়ী রূপ লাভ করে?**

ক. সেন যুগ | খ. পাঠান যুগ | গ. পাল যুগ | ঘ. মোগল যুগ

**২১. বাংলাদেশে প্রথম কোথায় ছাপাখানা প্রতিষ্ঠিত হয়?**

ক. ঢাকায় | খ. রাজশাহীতে | গ. রংপুরে | ঘ. যশোরে

**২২. বাংলা অক্ষারের প্রথম নকশা তৈরি করেন-**

ক. ড. মুহম্মদ শহীদুল্লাহ | খ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | গ. উইলিয়াম কেরী | ঘ. চার্লস উইলকিন্স

**২৩. বাংলা ভাষার প্রধান রূপ দুটি কি কি?**

ক. লেখ্য ও আঞ্চলিক | খ. কথ্য ও আঞ্চলিক | গ. মৌখিক ও লৈখিক | ঘ. আঞ্চলিক ও সর্বজনীন

**২৪. ভাষার মৌলিক রীতি কোনটি?**

ক. বক্তৃতার রীতি | খ. লেখার রীতি | গ. কথা বলার রীতি | ঘ. লেখা ও বলার রীতি

**২৫. ভাষার কোন রীতি কেবলমাত্র লেখ্যরূপে ব্যবহৃত হয়?**

